

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প বাস্তবায়ন ইউনিট
ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম
ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২)
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা-১০০০

পত্র নং- ৩৩.০২.০০০০.৯২০.৫৩.৪৬৮.১৭-২২৩

তারিখ: ০৩.০৫.২০১৮ খ্রি:


সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/উপজেলা মৎস্য কর্মকর্তা

বিষয়ঃ ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম- ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২), এর আওতায় মাছচাষ প্রদর্শনী স্থাপন প্রসঙ্গে।

সূত্রঃ অত্র দপ্তরের পত্র নং-৩৩.০২.০০০০.৯২০.৩৩.৪৬৮.১৭-৫২; তারিখঃ ০৬ ফেব্রুয়ারী ২০১৮ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম- ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২), এর আওতায় ইতোমধ্যে মাছচাষ প্রদর্শনী স্থাপনের জন্য নির্দেশনা এবং প্রাথমিকভাবে কিছু সংখ্যক প্রদর্শণীর জন্য বরাদ্দ প্রদান করা হয়েছে। এবিষয়ে আরও জানানো যাচ্ছে যে, চলতি ২০১৭-১৮ অর্থ বছরে প্রকল্পের অন্তর্ভুক্ত নতুন উপজেলার সকল সিআইজির জন্য ৩টি করে এবং অন্তর্ভুক্ত পুরাতন (১ম পর্যায়ের) উপজেলাসমূহের প্রতিটি সিআইজির জন্য ২টি করে প্রদর্শনী স্থাপন করতে হবে। সে আলোকে পূরণায় বরাদ্দ প্রদান করা হয়েছে এবং অবশিষ্ট বরাদ্দ মে'২০১৮ মাসের ২য় সপ্তাহের মধ্যে প্রেরণ করা হবে। সময়ের স্বল্পতার কথা বিবেচনা করে যথাশীঘ্র সম্ভব প্রদর্শনী স্থাপন কার্যক্রম শেষ করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।



(খঃ মাহবুবুল হক)

পরিচালক

প্রকল্প বাস্তবায়ন ইউনিট

ফোন: ০২- ৪৭১২০১৮৩

ই-মেইল: kmahbubh252@yahoo.com

পত্র নং- ৩৩.০২.০০০০.৯২০.৫৩.৪৬৮.১৭-২২৩


তারিখ: ০৩.০৫.২০১৮ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, ঢাকা।

২। উপ-পরিচালক, মৎস্য অধিদপ্তর-----বিভাগ-----।

৩। জেলা মৎস্য কর্মকর্তা-----।



পরিচালক

প্রকল্প বাস্তবায়ন ইউনিট